

অভিমান (Sulk)

রাগ নয়, অনুযোগ নয়, অভিযোগও নয়
মনের না বলা কথা মনের গভীরে রয়।
সব সাত্ত্বিক তবু সাত্ত্বিক নয়
মনের আড়ালের বেড়া শুধু উচু হয়।

মন ভাঙে, ঘর ভাঙে, শান্তি অশান্তিময়
আনমনে কাঁদে সুদূরে প্রবাসে অব্যক্ত বোঝা বয়।

ভাগ্যের জেরে যদি সংশয় দূর হয়।
দেখা যাবে আলোচনাতেই সব সমাধান হয়।
তবুও বেলা যত বাড়ে কথা গোপন রয়।
আসামীর কাছে মামলা রহস্যময়।
অভিমান শুধু অনুমান যখন কারণ প্রকাশ পায়
অযথা ভুল বোঝাবুঝি যেটা আপোষে মেটানো যায়।।

দীপক সরকার। 844 Royal Oak Ave, Victoria, BC V8X 3T2, Canada; E-mail:
kolki@kolki.com; Poetry & Peace Web site: www.kolki.com